

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
গণভবন কমপ্লেক্স  
শেরেবাংলা নগর, ঢাকা  
[www.mod.gov.bd](http://www.mod.gov.bd)

নম্বর-২৩.০০.০০০০.০৭০.১১.০০৩.১৫.৮১

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৪  
১৩ ফেব্রুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন


প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার সাংগঠনিক কাঠামোভুক্ত পার্সোনেল অফিসার/স্টোর অফিসার পদে বেসামরিক কর্মচারী সরাসরি নিয়োগের জন্য বিভাগীয় নিয়োগ প্রদান বিষয়ক কমিটির সুপারিশক্রমে প্রচলিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩০৬০/- (নবম গ্রেড) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত ২(দুই) জন প্রার্থীকে নিয়োগ প্রদান করা হল:

ক্রমিক নং	জ্যেষ্ঠতাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতার ও মাতার নাম	নিজ জেলা
১।	১	৬৪০৪	মোঃ রিপন মিয়া পিতা: মোঃ আয়ুব হোসেন মাতা: সুফিয়া বেগম	ঝিনাইদহ
২।	২	৬৬৯৬	মোঃ কামাল হোসেন পিতা: মোঃ ছানোয়ার হোসেন মাতা: মমতাজ বেগম	গোপালগঞ্জ

- চাকরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছরের জন্য শিক্ষানবিশ থাকবেন। শিক্ষানবিশকালে প্রতি এক বছর অন্তর কর্মকৃতি মূল্যায়ন করা হবে;
- শিক্ষানবিশকালে আচরণ ও কর্মকৃতি সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই চাকরি থেকে অপসারণ (terminate) করা যাবে;
- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, তবে নিয়োগবিধির শর্ত পালন সাপেক্ষে পরবর্তীতে স্থায়ী করা হবে;
- আপনার চাকরির অন্যান্য শর্তাবলী বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ ও সংশোধিত, ২০০৭, সমরাস্ত্র কারখানার সংশ্লিষ্ট বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- চাকরিতে যোগদানের জন্য আপনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

২। আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে আপনাকে সরাসরি কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে যোগদানে ব্যর্থ হলে আপনার এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ সফিকুল আহম্মদ)  
অতিরিক্ত সচিব  
ফোন ৯১১২২৩২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
- ২। অর্থ নিয়ন্ত্রক (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৫। জনাব মোঃ রিপন মিয়া, পিতা: মোঃ আয়ুব হোসেন, মাতা: সুফিয়া বেগম,  
স্থায়ী ঠিকানা: গ্রাম: সুরাট, ডাকঘর: বানিয়াবহু, থানা: ঝিনাইদহ সদর, জেলা: ঝিনাইদহ  
বর্তমান ঠিকানা: বাসা নং ই-২-৪০১, বি পি এ টি সি, সাভার, ঢাকা-১৩৪৩।
- ৬। জনাব মোঃ কামাল হোসেন, পিতা: মোঃ ছানোয়ার হোসেন, মাতা: মমতাজ বেগম,  
স্থায়ী ঠিকানা: গ্রাম: শিবপুর, ডাকঘর: পারুলিয়া, থানা: কাশিয়ানী, জেলা: গোপালগঞ্জ  
বর্তমান ঠিকানা: প্রিয় ভিলা, হাউস নং-৫৪২, রোড নং-০৫, পূর্ব কাজীপাড়া, থানা: কাফরুল, মিরপুর, ঢাকা-১২১৬।